বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)

কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ০৬ ডিসেম্বর ২০২৫

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ সেনানিবাস, নাটোর এ অবস্থিত বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ এ বিভিন্ন অফিস/দপ্তরের নিম্নেবর্ণিত পদসমূহে শুন্য পদের বিপরীতে স্থায়ী কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

কর্মকর্তাঃ

ক্রমঃ	পদের নাম ও বেতন	অফিস/দপ্তর	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	**লাইব্রেরিয়ান** বেতন ভাতা ঃ ১,০০,০০০/- (সর্বসাকুল্যে)	বাউয়েট সেন্ট্রাল লাইব্রেরি	০১	ক। গ্রন্থাগার বিজ্ঞান/গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান/তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/ বেসরকারি প্রতিষ্ঠানে লাইব্রেরি সংক্রান্ত কাজে ১ম শ্রেণীর কর্মকর্তা হিসেবে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; তন্মধ্যে ডেপুটি লাইব্রেরিয়ান পদে ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং ও ডাটাবেস এর কাজে অভিজ্ঞ হলে অগ্রাধিকার প্রদান করা হবে। খ। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের গ্রেড/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ। বয়সঃ অনুর্ধ্ব ৫০ বছর। ঘ। উক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশ সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত কর্ণেল/ লেঃ কর্ণেল পদমর্যাদার কর্মকর্তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য।
০২।	**সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার** বেতন ভাতা ঃ ৪০,০০০/- (সর্বসাকুল্যে)	আইসিটি উইং এন্ড আর্কাইভ	০১	ক। কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে বিএসসি ইন সিএসই/আইসিটি/ সমমান বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিসহ ০৪ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ। কমপক্ষে দুটি প্রথম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের গ্রেড/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ। নেটওয়ার্কিং, অপারেটিং সিস্টেম, নেটওয়ার্ক প্রটোকল, সফটওয়্যার ও হার্ডওয়্যার এবং নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণ, কনফিগারেশন ও সমস্যা সমাধানের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ঘ। CCNA, CCNP সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে। ঙ। বয়সঃ অনুর্ধ্ব ৩২ বছর।
০৩।	**মেডিকেল অফিসার** বেতন ভাতা ঃ ৪০,০০০/- (সর্বসাকুল্যে)	রেজিস্ট্রার দপ্তর (মেডিকেল সেকশন)	০১	ক। যেকোনো স্বীকৃত মেডিকেল কলেজ হতে এমবিবিএস ডিগ্রীধারী। খ। বিএমডিসি'র সনদ প্রাপ্ত। গ। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ঘ। বয়সঃ অনুর্ধ্ব ৩২ বছর। তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
০৪।	**ইনফরমেশন অফিসার** বেতন ভাতা ঃ ৪০,০০০/- (সর্বসাকুল্যে)	রেজিস্ট্রার দপ্তর (এডমিশন, রেজিস্ট্রেশন এন্ড ইনফরমেশন সেকশন)	০১	ক। যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ০৪ বছর মেয়াদী স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। খ। এসএসসি/এইচএসসি এবং অনার্স/মাস্টার্স এ কমপক্ষে দুটি প্রথম বিভাগ/শ্রেণী/ এ গ্রেড থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের গ্রেড/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ। ইংরেজিতে ভালো জ্ঞান এবং কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ঘ। বয়সঃ অনুর্ধ্ব ৩২ বছর। তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

নোটঃ বেতন ভাতা ছাড়াও অন্যান্য আনুসাঙ্গিক সুবিধাদি BAUET এর নিয়ম অনুযায়ী প্রাপ্ত হবেন।

দরখাস্তের নিয়মাবলীঃ

১। উপরোল্লিখিত পদের জন্য আগ্রহী প্রার্থীদের জীবন বৃত্তান্ত এবং অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bauet.ac.bd/career হতে আবেদন ফরম ডাউনলোড করে এক কপি আবেদনপত্র পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ পূর্ণাঙ্গ ০১ সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ, দয়ারামপুর, নাটোর বরাবরে আগামী ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। উল্লেখিত তারিখের পরে ডাকযোগে/সরাসরি/কুরিয়ারযোগে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২। আবেদনপত্রের সাথে সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ও স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক/চারিত্রিক সনদপত্র এবং তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি প্রেরণ করতে হবে।

৩। পরীক্ষা সংক্রান্ত ফি বাবদ বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি **(BAUET), Qadirabad** এর অনুকূলে ক্রমিক নং- ১ এর জন্য ১০০০/- টাকা এবং ক্রমিক নং- ২ হতে ৪ এর জন্য ৫০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি প্রেরণ না করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশের নাগরিক এবং সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। পরীক্ষার তারিখ ও সময় BAUET ওয়েবসাইট www.bauet.ac.bd এ যথাসময়ে প্রকাশিত হবে।

৭। পরীক্ষা/সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের মূলকপি উপস্থাপন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।

৮। অন্যান্য তথ্যের জন্য BAUET এর ওয়েবসাইট www.bauet.ac.bd তে অনুসন্ধান করা যেতে পারে।

৯। পদসংখ্যা কম/বেশি হতে পারে।

১০। যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন প্রসঙ্গে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
BAUET, কাদিরাবাদ